

বাড়িতে কাঁঠাল গাছ লাগান

কাঁঠাল একটি সহজলভ্য ফল। কাঁচা অবস্থায় সবজি হিসেবে (এঁচোড়) খাওয়া হয়, আর পাকা অবস্থায় কাঁঠালের কোয়া খাওয়া হয়। দিনে দু তিনটি কোয়া আমাদের শরীরে একদিনের প্রয়োজনীয় ভিটামিনের চাহিদা মেটায়।

কাঁঠাল গাছ কয়েক বছরের মধ্যে ফল দিতে শুরু করতে পারে।

কাঁঠাল গাছের যত্ন নেওয়া খুব সহজ। গাছগুলি খুব চট করে পোকা ধরে না বা রোগ হয়না।

কাঁঠাল প্রচুর গুণে সমৃদ্ধ। শরীরকে বিভিন্ন রোগের হাত থেকে রক্ষা করতে এর জুড়ি মেলা ভার। বিভিন্ন গবেষণার দাবি অনুযায়ী, কাঁঠাল ডায়াবেটিস, আলসার, অস্টিওপোরোসিস, হার্ট এটাক, ক্যান্সার ইত্যাদি প্রতিরোধ করতে পারে।

একটা কাঁঠাল গাছ থেকে যা ফল পাবেন তা আপনার বাড়িতে খেতে পারেন এবং এঁচোড়, কাঁঠাল, কাঁঠালের বিচি বাজারে বিক্রিও করতে পারেন।

খুব শীঘ্রই আমরা ভালো কাঁঠালের চারা বিতরণ করব।

চারাটি পুঁতে তার রক্ষণাবেক্ষণ আপনার দায়িত্ব। আমরা আপনাকে উপযুক্ত পরামর্শ দিয়ে আপনাকে সফল হতে সাহায্য করবো। আপনার সাফল্যেই আমাদের সাফল্য।

**কাঁঠাল গাছ লাগান, বাড়িতেই পুষ্টিকর খাবার পান,
বাজারে বিক্রি করে উপার্জন করুন।**